

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
মজুরী বোর্ড শাখা  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

স্মারক নম্বর- ৪০.০০.০০০০.০১৬.৩৪.০১০.২৪-১৭৭

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১  
১৮ নভেম্বর, ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Bangladesh Garment Manufacturers & Exporters Association (BGMEA)" এর নারায়নগঞ্জ, টাঙ্গাইল, নরসিংদী, রাঙ্গামাটি, যশোর, রাজশাহী, মৌলভীবাজার, মানিকগঞ্জ, ময়মনসিংহ, ঢাকা, রংপুর, গাজীপুর, কুমিল্লা, চট্টগ্রাম জেলাস্ব সদস্য কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ১৭ অক্টোবর ২০২৪ হতে ১৬ এপ্রিল ২০২৫ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল।

শর্তাবলীঃ

- ১। বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী কেন্দ্রীয় তহবিলে নির্দিষ্ট হারে অর্থ প্রদান করতে হবে;
- ২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- ৩। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করতে হবে;
- ৪। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে;
- ৫। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাবে;
- ৬। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-


ফারজানা সুলতানা  
যুগ্মসচিব  
ফোন: ২২২৩৩৫৫৫৩৬

স্মারক নম্বর- ৪০.০০.০০০০.০১৬.৩৪.০১০.২৪-১৭৭/১(৫)

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১  
১৮ নভেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশসহ গেজেটের ১৫ (পনের) কপি ডি আর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়- কে প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ৪। সভাপতি, বিজিএমইএ, বাড়ি নং-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৫। জনাব মাসুম বিল্লাহ, ডি আর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রকাশিত গেজেটের ১৫ (পনের) কপি উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা হইতে সংগ্রহপূর্বক এই মন্ত্রণালয়ের মজুরী বোর্ড শাখার প্রশাসনিক কর্মকর্তাকে প্রদানের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।

BGMEA DHAKA	
Gas & Electricity	
Accounts	Health
Arbitration	Insurance
Customs	Labour
CMC	Membership
C & M	MIS
Communication	PR
Fair	TFC
Fire & Safety	SDP
Signature: 	
Dispatch No: 9696	Date: 25/11/24